



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

এবং

সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র .....	৩
প্রস্তাবনা .....	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি .....	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .....	৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .....	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .....	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি .....	১৪
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা .....	১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

এনসিটিবি দেশের প্রাক-প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষাক্রম প্রণয়ন, পরিমার্জন করে শিক্ষাক্রম অনুযায়ী পাঠ্যপুস্তক প্রণয়ন, পরিমার্জন, মুদ্রণ ও বিতরণ কার্যক্রম সম্পন্ন করেছে। ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ পর্যন্ত প্রাক-প্রাথমিক, প্রাথমিক, ইবতেদায়ী, দাখিল, এসএসসি ভোকেশনাল ও মাধ্যমিক স্তরের সর্বমোট ১২,৮৯,৫৪,২৭৭ জন শিক্ষার্থীর মাঝে সর্বমোট ১০৬,৮৬,৭০,২৮৯কপি পাঠ্যপুস্তক ও শিখন-শেখানো সামগ্রী মুদ্রণ করে বিনামূল্যে সারা দেশে বিতরণ করা হয়েছে। একাদশ-দ্বাদশ শ্রেণির বাংলা সংকলন, বাংলা সহপাঠ, English For Today পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাজারজাতকরণ সম্পন্ন করা হয়েছে। ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণির English For Today বিষয়ের Listening Text এর অডিও তৈরি করে এনসিটিবি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা প্রকল্পের সহায়তায় শিশুতোষ প্রবন্ধ, উপন্যাস ও ছড়ার ১২টি Supplementary Reading Material এবং মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য কৃষি শিক্ষা বিষয়ে সম্পূর্ণ পাঠ্যপুস্তক প্রণয়ন এবং মাঠ পর্যায়ে বিতরণ করা হয়। উচ্চমাধ্যমিক স্তরের ৩৩টি বিষয়ের ৩৮৩টি পাঠ্যপুস্তকের অনুমোদন প্রদান করা হয়েছে। ষষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণির ইংরেজি বিষয়ের ৪টি গ্রামার পাঠ্যপুস্তক নতুন করে প্রণয়ন করা হয়েছে। ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য ২৩,৯৬৫ কপি ব্রেইল পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে এবং প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরে ৫টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য (চাকমা, মারমা, গারো, সাদ্রি ও ত্রিপুরা) সর্বমোট ৫,০৩,৩৪২ কপি পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে। জাতীয় শিক্ষাক্রম-২০১২ অনুসারে গার্হস্থ্য বিজ্ঞান শাখার ৪টি বিষয়ের ৮টি পাঠ্যপুস্তক নতুনভাবে প্রণয়ন করে এনসিসিসি কর্তৃক অনুমোদনের পর মুদ্রণ ও বাজারজাত করা হয়েছে। ৬ষ্ঠ শ্রেণির ১৬টি পাঠ্যপুস্তকের আইডিটি প্রস্তুত করা সহ ৭ম ও ৮ম ও শ্রেণির ১২ টি বিষয়ের ই-লার্নিং ম্যাটেরিয়াল প্রণয়ন করা হয়েছে। বোর্ডের ৪৭জন কর্মচারীকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিভিন্ন পদে ২৫ জন কর্মচারী নিয়োগসহ ২৩ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

নির্দিষ্ট সময়ের মধ্যে মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ এবং অংশিজনের চাহিদা অনুযায়ী শিক্ষাক্রম পরিমার্জন পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী পাঠ্যপুস্তকসমূহের প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন এবং ইন্টারএকটিভ ডিজিটাল টেক্সটবুক প্রণয়ন ডিসেম্বর ২০২০ এর মধ্যে নির্ধারিত সংখ্যক পাঠ্যপুস্তক মুদ্রণ করে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষকগণকে শিক্ষাক্রম বিষয়ক প্রশিক্ষণ প্রদান

ভবিষ্যৎ পরিকল্পনা:

প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের জাতীয় শিক্ষাক্রম ২০১২ এর পরিমার্জনপূর্বক শিক্ষাক্রম প্রণয়ন। পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তর পর্যন্ত সকল পাঠ্যপুস্তক পরিমার্জন ও ইন্টারএকটিভ ডিজিটাল টেক্সটবুক প্রণয়নসহ পাঠ্যপুস্তকের ই-লার্নিং ম্যাটেরিয়ালস তৈরি করে ওয়েবসাইটে আপলোড করা। শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষক ও অংশিজনকে প্রশিক্ষণ প্রদান। শিক্ষাক্রম বাস্তবায়নের বিষয়ে মনিটরিং কার্যক্রম পরিচালনা।

২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন
- প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ইবতেদায়ী, কারিগরি, দাখিল, দাখিল ভোকেশনাল ও এসএসসি ভোকেশনাল স্তরের শিক্ষার্থীদের জন্য পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ
- প্রাথমিক হতে মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষার্থীদের জন্য ব্রেইল পাঠ্যপুস্তকসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পাঁচটি ভাষায় প্রাক-প্রাথমিক হতে ৩য় শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের জন্য পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিনামূল্যে বিতরণ
- পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী প্রাথমিক স্তরের প্রথম ও দ্বিতীয় এবং মাধ্যমিক স্তরের ৬ষ্ঠ শ্রেণির পাঠ্যপুস্তক উন্নয়ন

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

এবং

সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর মধ্যে ২০১৯ সালের ..... মাসের ..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

#### ১.১ রূপকল্প (Vision)

মানসম্মত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক

#### ১.২ অভিলক্ষ্য (Mission)

সৃজনশীল, দক্ষ, দেশপ্রেমে উদ্বুদ্ধ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন নাগরিক হিসেবে শিক্ষার্থী গঠনের লক্ষ্যে মানসম্মত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক প্রণয়ন, উৎপাদন ও বিতরণ

#### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

##### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তকের মান উন্নয়ন

##### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

#### ১.৪ কার্যাবলি (Functions)

১. শিক্ষাক্রম, পাঠ্যসূচি ও পাঠ্যপুস্তক প্রণয়ন, নবায়ন, নিরীক্ষণ এবং সংস্কার
২. শিক্ষাক্রম, পাঠ্যসূচি এবং পাঠ্যপুস্তকের কার্যকারিতা যাচাই এবং মূল্যায়ন
৩. পাঠ্যপুস্তকের পাণ্ডুলিপি প্রণয়ন
৪. প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য উপযোগী পাঠ্যপুস্তক এবং শিক্ষা উপকরণ প্রস্তুত ও প্রকাশ
৫. ডিজিটাল ও মিথস্ক্রিয় পুস্তক প্রণয়ন ও অনুমোদন
৬. পাঠ্যপুস্তকের মুদ্রণ, প্রকাশনা, বিতরণ এবং বিপণন
৭. সরকার কর্তৃক ঘোষিত শ্রেণি ও স্তরসমূহের শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ
৮. পাঠ্যপুস্তক, সহায়ক শিখন শেখানো সামগ্রী, পুরস্কার পুস্তক ও রেফারেন্স পুস্তক অনুমোদন
৯. দান ও অনুদানের মাধ্যমে বিজ্ঞান, সাহিত্য এবং সংস্কৃতিবিষয়ক কর্মকাণ্ড উৎসাহিতকরণ
১০. সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

সেকশন ২

দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা ২০১৯-২০	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাস্তসূত্র
						২০২০-২১	২০২১-২০২২		
মানসম্মত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক	পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ	%	১০০	১০০	১০০	১০০	১০০	জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড	মাউশিঅ ও ডিপিই

\*সাময়িক (provisional) তথ্য

### সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০					প্রক্ষেপণ ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২০২২	
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে			
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ																
[১] শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তকের মান উন্নয়ন	৭৫	[১.১] ১ জানুয়ারিতে সকল শিক্ষার্থীর নিকট পাঠ্যপুস্তক পৌঁছানো নিশ্চিত করা	[১.১.১] চাহিদা অনুযায়ী পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ	সমষ্টি	%	৪৫	৩৫.৪২	৩৫.২১	১০০	৯০	৮০	৭০	৬০	১০০	১০০	
			[১.১.২] মুদ্রণ কাগজ ও আর্ট কার্ড ক্রয়	সমষ্টি	পরিমাণ (হাজার মে.টন)	৫	২২.৭০	৮.৬	২১.০০	২০.৮০	২০.৬০	২০.৪০	২০.২০	২২.০০	২২.০০	
		[১.২] প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন	[১.২.১] প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন	সমষ্টি	সংখ্যা	৫				১	০.৯০	০.৮০	০.৭০	০.৬০		
			[১.২.২] প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন	সমষ্টি	সংখ্যা	৫				১	০.৯০	০.৮০	০.৭০	০.৬০		
			[১.২.৩] প্রাথমিক স্তরের শিখন-শেখানো সামগ্রী উন্নয়ন	সমষ্টি	সংখ্যা	৫				১	০.৯০	০.৮০	০.৭০	০.৬০		
			[১.২.৪] মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন	সমষ্টি	সংখ্যা	৫				১	০.৯০	০.৮০	০.৭০	০.৬০		
			[১.২.৫] পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী প্রাথমিক স্তরের ১ম ও ২য় এবং মাধ্যমিক স্তরের ৬ষ্ঠ শ্রেণির পাঠ্যপুস্তক প্রণয়ন	সমষ্টি	%	৩				১০০	৯০	৮০	৭০	৬০		
			[১.২.৬] শিক্ষাক্রম বাস্তবায়ন মনিটরিং	সমষ্টি	সংখ্যা	২				৫	৪	৩	২	১		

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০					প্রক্ষেপণ ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২০২২
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
<b>আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ</b>															
[১] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি	১০	[১.১] দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	[১.১.১] সকল শাখায় ই-নথিব্যবহার	গড়	%	১			১০০	৯০	৮০	৭০	৬০		
			[১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত	গড়	%	১			৭০	৬৫	৬০	৫৫	৫০		
			[১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত	গড়	%	১			৬০	৫৫	৫০	৪৫	৪০		
		[১.২] দপ্তর/সংস্থাকর্তৃক ডিজিটাল সেবা চালু করা	[১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত	তারিখ	তারিখ	১			১৫.০২.২০	১৫.০৩.২০	৩১.০৩.২০	৩০.০৪.২০	৩০.০৫.২০		
		[১.৩] দপ্তর/সংস্থাকর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন	[১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত	তারিখ	তারিখ	১			১১.০৩.২০	১৮.০৩.২০	২৫.০৩.২০	০১.০৪.২০	০৮.০৪.২০		
		[১.৪] সেবা সহজিকরণ	[১.৪.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারীকৃত	তারিখ	তারিখ	০.৫			১৫.১০.১৯	২০.১০.১৯	২৪.১০.১৯	২৮.১০.১৯	৩০.১০.১৯		
			[১.৪.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত	তারিখ	তারিখ	০.৫			১৫.০৪.২০	৩০.০৪.২০	১৫.০৫.২০	৩০.০৫.২০	১৫.০৬.২০		
		[১.৫] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা	[১.৫.১] পি আর এল আদেশ জারীকৃত	গড়	%	০.৫			১০০	৯০	৮০				
			[১.৫.২] ছুটি নগদায়ন পত্র জারীকৃত	গড়	%	০.৫			১০০	৯০	৮০				
		[১.৬] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান	[১.৬.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারীকৃত	সমষ্টি	%	০.৫			৮০	৭০	৬০	৫০			
			[১.৬.২] নিয়োগ প্রদানকৃত	সমষ্টি	%	০.৫			৮০	৭০	৬০	৫০			
		[১.৭] বিভাগীয় মামলা নিষ্পত্তি	[১.৭.১] বিভাগীয় মামলা নিষ্পত্তিকৃত	গড়	%	১			১০০	৯০	৮০	৭০			
		[১.৮] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	[১.৮.১] সকল তথ্যহালনাগাদকৃত	গড়	%	১			১০০	৯০	৮০				

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০					প্রক্ষেপণ ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২০২২
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[২] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ	৮	[২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	[২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত	সমষ্টি	জনঘন্টা	১			৬০						
			[২.১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন অনলাইনে দাখিলকৃত	সমষ্টি	সংখ্যা	১			৪						
			[২.১.৩] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত	গড়	%	০.৫			১০০	৯০	৮০				
			[২.১.৪] মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত	তারিখ	তারিখ	০.৫			৩১.০১.২০	০৭.০২.২০	১০.০২.২০	১১.০২.২০	১৪.০২.২০		
		[২.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন	[২.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	সমষ্টি	%	১				১০০	৯৫	৯০	৮৫		
			[২.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	তারিখ	১			১৫.১০.১৯	১৫.১১.১৯	১৫.১২.১৯	১৫.০১.২০	৩১.০১.২০		
		[২.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	[২.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত	গড়	%	০.৫				১০০	৯০	৮০	৭০		
			[২.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত	সমষ্টি	সংখ্যা	০.৫				১২	১১	১০	৯		
		[২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন	[২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত	গড়	%	১				৯০	৮০	৭০	৬০		
			[২.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলকৃত	সমষ্টি	সংখ্যা	০.৫				৪	৩	২			
			[২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত	তারিখ	তারিখ	০.৫			৩১.১২.১৯	১৫.০১.২০	০৭.০২.২০	১৭.০২.২০	২৮.০২.২০		

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০					প্রক্ষেপণ ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২০২২
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৭	[৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন	[৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত	তারিখ	তারিখ	০.৫			১৬.০৮.১৯	২০.০৮.১৯	২৪.০৮.১৯	২৮.০৮.১৯	৩০.০৮.১৯		
			[৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত	সমষ্টি	সংখ্যা	০.৫			৪	৩					
		[৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন	[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত	সমষ্টি	%	২			১০০	৯৫	৯০	৮৫	৮০		
			[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি	সমষ্টি	%	০.৫			৬০	৫৫	৫০	৪৫	৪০	
		[৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত		সমষ্টি	%	০.৫			৫০	৪৫	৪০	৩৫	৩০		
		[৩.৪] স্বাবর ও অস্বাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা	[৩.৪.১] স্বাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	তারিখ	০.৫			০৩.০২.২০	১১.০২.২০	১৮.০২.২০	২৫.০২.২০	০৪.০৩.২০		
			[৩.৪.২] অস্বাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত	তারিখ	তারিখ	০.৫			০৩.০২.২০	১১.০২.২০	১৮.০২.২০	২৫.০২.২০	০৪.০৩.২০		
		[৩.৫] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ	[৩.৫.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত	সমষ্টি	%	১			১০০	৯৫	৯০	৮৫	৮০		
			[৩.৫.২] টেলিফোন বিল পরিশোধিত	সমষ্টি	%	০.৫			১০০	৯৫	৯০	৮৫	৮০		
			[৩.৫.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত	সমষ্টি	%	০.৫			১০০	৯৫	৯০	৮৫	৮০		

\*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হিসাবে চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



চেয়ারম্যান  
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৬.০৫.১৯

তারিখ



সিনিয়র সচিব  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৬.০৫.১৯

তারিখ

## সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	ব্যানবেইস	বাংলাদেশ ব্যুরো অফ এডুকেশনাল ইনফরমেশন এন্ড স্ট্যাটিস্টিকস
২	ইউজিসি	ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন
৩	এনসিটিবি	ন্যাশনাল কারিকুলাম এন্ড টেক্সটবুক বোর্ড
৪	নায়েম	ন্যাশনাল একাডেমি ফর এডুকেশনাল ম্যানেজমেন্ট
৫	ইইডি	এডুকেশনাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট
৬	ডিআইএ	ডাইরেক্টরেট অফ অডিট এন্ড ইন্সপেকশন
৭	কাশিঅ	কারিগরি শিক্ষা অধিদপ্তর
৮	ডিপিই	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
৯	বিডিরেন	বাংলাদেশ রিসার্চ এন্ড এডুকেশন নেটওয়ার্ক
১০	এমডিজি	মিলনিয়াম ডেভেলপমেন্ট গোল্প
১১	ইফা	এডুকেশন ফর অল
১২	এসপিবিএম	স্কুল পারফরমেন্স বেইজড ম্যানেজম্যান্ট
১৩	মাউশিঅ	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১৪	আইডিটি	ইন্টারএকটিভ ডিজিটাল টেক্সটবুক

**সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ**

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি	উপাত্ত সূত্র
[১.১] ১ জানুয়ারিতে সকল শিক্ষার্থীর নিকট পাঠ্যপুস্তক পৌঁছানো নিশ্চিত করা	[১.১.১] চাহিদা অনুযায়ী পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ	মাউশিঅ ও ডিপিই এর চাহিদা অনুযায়ী পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণের নিমিত্ত দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন ও চূড়ান্তভাবে নির্বাচিত দরদাতা প্রতিষ্ঠানের মাধ্যমে যথাসময়ে পাঠ্যপুস্তক মুদ্রণ সম্পন্ন করে তা নির্দিষ্ট গন্তব্যে ডিসেম্বর ২০১৯ এর মধ্যে পৌঁছানো	এনসিটিবি	চাহিদার শতভাগ	মাউশিঅ ও ডিপিই এর চাহিদা
	[১.১.২] মুদ্রণ কাগজ ও আর্ট কার্ড ক্রয়	মাউশিঅ ও ডিপিই এর চাহিদা অনুযায়ী পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণের নিমিত্ত মুদ্রণ কাগজ ক্রয়	এনসিটিবি	পরিমান (হাজার মে.টন)	এনসিটিবি
[১.২] প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন	[১.২.১] প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন	প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন	এনসিটিবি	সংখ্যা	ডিপিই
	[১.২.২] প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন	প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন	এনসিটিবি	সংখ্যা	ডিপিই
	[১.২.৩] প্রাথমিক স্তরের শিখন- শেখানো সামগ্রী উন্নয়ন	প্রাথমিক স্তরের শিখন- শেখানো সামগ্রী উন্নয়ন	এনসিটিবি	সংখ্যা	ডিপিই
	[১.২.৪] মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন	মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন	এনসিটিবি	সংখ্যা	মাউশিঅ
	[১.২.৫] পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী প্রাথমিক স্তরের ১ম ও ২য় এবং মাধ্যমিক স্তরের ৬ষ্ঠ শ্রেণির পাঠ্যপুস্তক প্রণয়ন	পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী প্রাথমিক স্তরের ১ম ও ২য় এবং মাধ্যমিক স্তরের ৬ষ্ঠ শ্রেণির পাঠ্যপুস্তক প্রণয়ন	এনসিটিবি	%	ডিপিই ও মাউশিঅ
	[১.২.৬] শিক্ষাক্রম বাস্তবায়ন মনিটরিং	মাঠপর্যায়ে শিক্ষাক্রম বাস্তবায়ন মনিটরিং	এনসিটিবি	সংখ্যা	ডিপিই ও মাউশিঅ



প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা	প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
ডিপার্টমেন্ট	মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর	মুদ্রণ কাগজ ও আর্ট কার্ড ক্রয়	যথাসময়ে পাঠ্যপুস্তকের চাহিদা প্রেরণ। মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়নের লক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের নির্দেশ	মাউশিঅ মাঠপর্যায়ের প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ	পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ বিলম্বিত হবে। শিক্ষাক্রম বাস্তবায়ন ও পরিমার্জন কাজ বিলম্বিত হবে।